Lens Asia

৩ আগস্ট, ২০২৬

# অতিরিক্ত বিদ্যুৎ বিল নিয়ে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে: বিদ্যুৎ বিভাগ




ছবি: সংগৃহীত

অতিরিক্ত বিদ্যুৎ বিল নিয়ে উদ্দেশ্যপ্রণোদিত বিভ্রান্তিকর প্রচারণা চালানো হচ্ছে বলে দাবি করেছে বিদ্যুৎ বিভাগ। একই সঙ্গে এ ধরনের তথ্য প্রচারের ক্ষেত্রে সবাইকে দায়িত্বশীল থাকার আহ্বান জানিয়েছে সংস্থাটি।

সোমবার (৩ আগস্ট) প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে বিদ্যুৎ বিভাগ জানায়, সম্প্রতি অতিরিক্ত বিদ্যুৎ বিলকে কেন্দ্র করে কিছু ব্যক্তি বা গোষ্ঠী বিভিন্ন ধরনের বিভ্রান্তিকর তথ্য ছড়াচ্ছে। তবে এ ধরনের অভিযোগের ভিত্তিতে যেসব বিষয় তাদের নজরে এসেছে, সেগুলো সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থাগুলো তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নিয়েছে এবং অভিযোগগুলোর নিষ্পত্তি করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, অতিরিক্ত বিল নিয়ে নতুন কোনো অভিযোগ থাকলে গ্রাহকরা প্রয়োজনীয় তথ্য-প্রমাণসহ সংশ্লিষ্ট বিতরণ সংস্থার কাছে আবেদন করতে পারবেন। অভিযোগ যাচাই করে বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করা হবে এবং সত্যতা পাওয়া গেলে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।

এ ধরনের ইস্যুতে যাচাই-বাছাই ছাড়া বিভ্রান্তিকর তথ্য বা অপপ্রচার থেকে বিরত থাকতে এবং দায়িত্বশীল আচরণ করতে সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছে বিদ্যুৎ বিভাগ।

LENS ASIA